

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং -১৯

ডিসেম্বর ২২, ২০০৯
তারিখ :-----
পৌষ ০৮, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

Master Circular on Schedule of Charges

আপনারা অবহিত আছেন যে, আমানতকারী / বিনিয়োগকারী / গ্রাহকের স্বার্থ সংরক্ষনকল্পে ব্যাংকসমূহ কর্তৃক আরোপিত অতিরিক্ত/অত্যধিক/ অযৌক্তিক/ অপ্রয়োজনীয় বিভিন্ন চার্জসমূহের যৌক্তিকীকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে বিভিন্ন নির্দেশনা জারী করা হয়। এক্ষেত্রে, উক্ত নির্দেশনাসমূহ অর্থাৎ ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের সেপ্টেম্বর ৩০, ২০০৮ তারিখের পত্র, বিআরপিডি সার্কুলার -১০/২০০৯, বিআরপিডি সার্কুলার -১৬/২০০৯ এবং সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনা একীভূত করে এই সমন্বিত সার্কুলার জারী করা হলো।

০২। উপরোক্ত প্রেক্ষাপট বিবেচনায় ব্যাংকসমূহ কর্তৃক চার্জ/ফি/কমিশন আরোপের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় হবে :-

- (১) সঞ্চয়ী ও চলতি হিসাবে আরোপিত মিনিমাম ব্যালেন্স ফি/ ইনসিডেন্টাল চার্জ/লেজার ফি / সার্ভিস চার্জ আদায় করা যাবে না। এখন থেকে সঞ্চয়ী ও চলতি হিসাবে শুধুমাত্র একাউন্ট মেইনটেনেন্স ফি (Account Maintenance Fee) প্রযোজ্য হবে। তবে, এক্ষেত্রে প্রতি ষান্মাসিকে সঞ্চয়ী হিসাবে ৩০০/- টাকা এবং চলতি হিসাবে ৫০০/- টাকার অধিক আদায় করা যাবে না।
- (২) ষান্মাসিক ও বাৎসরিক ভিত্তিতে অর্থাৎ বছরে দু'বার গ্রাহককে হিসাবের স্থিতি নিশ্চিতকরণ সনদ (Balance Confirmation Certificate) প্রদানের জন্য কোন চার্জ আদায় করা যাবে না। তবে, গ্রাহককে বছরে দু'বারের বেশী এ সনদ গ্রহন করতে হলে শুধুমাত্র সে ক্ষেত্রে ২০০/- টাকার অধিক চার্জ আদায় করা যাবে না।
- (৩) বিভিন্ন মাসিক সঞ্চয়ী হিসাব বা স্কীম মেয়াদপূর্তীর পূর্বে নগদায়নের ক্ষেত্রে নগদায়ন ফি (Premature Encashment Fee) বা অনুরূপ ফি আরোপ করা যাবে না।
- (৪) বিভিন্ন প্রকার সঞ্চয়ী ও চলতি হিসাব বন্ধকরণের ক্ষেত্রে হিসাব বন্ধকরণ চার্জ সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রে ২০০/-টাকা এবং চলতি হিসাবের ক্ষেত্রে ৩০০/-টাকার অধিক আদায় করা যাবে না।
- (৫) কাউন্টার ট্রানজেকশন ফি (Counter Transaction Fee) বা অনুরূপ ফি আদায় করা যাবে না।
- (৬) সাইট এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.৪০%, ডেফার্ড / ইউজান্স (usance) এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.৫০%, ১০০% নগদ মার্জিনে এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.২৫% এবং ব্যাক টু ব্যাক এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.৪০% নির্ধারিত হবে।
- (৭) এলসি ট্রান্সমিশন, এলসি অ্যামেডমেন্ট, কনফারমেশন, ক্যানসেলেশন, ফরেন ক্রেসপন্ডেন্ট চার্জ এর ক্ষেত্রে মেইলিং, কুরিয়ার, টেলেক্স, সুইফট ইত্যাদি ক্ষেত্রে প্রকৃত ব্যয়ের ভিত্তিতে (At Actual) চার্জ নির্ধারিত হবে।

চলমান পাতা /০২

- (৮) এলসি এডভাইসিং চার্জ, এলসি অ্যামেন্ডমেন্ট চার্জ ও এলসি ট্রান্সফার চার্জ সর্বোচ্চ ৭৫০/- টাকা, এলসি এ্যাকসেসপেটেন্স চার্জ প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ হার ০.৪০% এবং স্থানীয়ভাবে কনফারমেশনের ক্ষেত্রে সর্বোচ্চ হার ০.২০% নির্ধারিত হবে ।
- (৯) ফরেন ক্রেসপন্ডেন্ট চার্জ (স্থানীয় অংশ), ডাটা ম্যাক্স, হ্যাভেলিং চার্জ , কপি ডকুমেন্ট এনডোর্সমেন্ট চার্জ, এলসি বাতিল কিংবা মেয়াদোত্তীর্ণ অব্যবহৃত এলসি চার্জ আদায় করা যাবে না ।
- (১০) রপ্তানী বিল নেগোসিয়েশন কমিশন ও রপ্তানী বিল কালেকশন কমিশন সর্বোচ্চ ০.১৫% নির্ধারিত হবে ।
- (১১) ব্যাক টু ব্যাক এলসি সার্টিফিকেট ইস্যুর চার্জ, সিএভএফ সার্টিফিকেট ইস্যুর চার্জ, রফতানী মূল্য আদায়ের সার্টিফিকেট (Proceed Realization Certificate or PRC) ইস্যুর চার্জ ৫০০/- টাকার অধিক আদায় করা যাবে না ।
- (১২) বিও একাউন্ট (Beneficiary Owner's Account) খোলার ক্ষেত্রে বিও সনদ (Beneficiary Owner's Certificate) প্রদানের চার্জ ১০০/-টাকার অধিক আদায় করা যাবে না ।
- (১৩) গ্রাহক কর্তৃক গৃহীত ঋণ নির্দিষ্ট মেয়াদের পূর্বে পরিশোধের ক্ষেত্রে বকেয়া ঋণের ২% এর অধিক Early Settlement Fee বা অনুরূপ ফি হিসাবে আদায় করা যাবে না ।
- ০৩। Disclosure requirement পরিপালন ও গ্রাহকের সুবিধার্থে সিডিউল অব চার্জেস এর পূর্ণ তালিকা স্ব স্ব ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখাসমূহের দর্শনীয় স্থানে প্রদর্শন এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে ।
- ০৪। ঘোষিত/ প্রকাশিত তালিকা বহির্ভূত কোন চার্জ / ফি/কমিশন আরোপ করা যাবে না ।
- ০৫। নিয়মিতভাবে ষান্মাসিক ভিত্তিতে অর্থাৎ জুন ও ডিসেম্বর ভিত্তিক চার্জ / ফি/কমিশনের তালিকা বাংলাদেশ ব্যাংকে যথাক্রমে জুলাই ৩০ ও জানুয়ারী ৩০ এর মধ্যে প্রেরণ করতে হবে ।
- ০৬। চার্জ / ফি/কমিশনের কোন পরিবর্তন হলে আবশ্যিকভাবে ব্যাংক তার স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করতঃ বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগকে অবহিত করতে হবে ।
- ০৭। বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে চার্জ / ফি/কমিশন এর হার পর্যালোচনাপূর্বক তা যৌক্তিকীকরণের ব্যবস্থা গ্রহণ করবে ।

আপনাদের ব্যাংক ও ব্যাংকের সকল শাখাসমূহে উপরোক্ত নির্দেশনাসমূহের অনুসরণ নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো । এ নির্দেশনা জানুয়ারী ০১, ২০১০ হতে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১১৭৮২৫